

আশঙ্কাজনক হারে বাড়ছে শিক্ষিত বেকার

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ০৬:০৬, ২৩ ডিসেম্বর ২০২৪; আপডেট: ০৬:০৭, ২৩ ডিসেম্বর ২০২৪



ওয়াহিদউদ্দিন মাহমুদ, শিক্ষা উপদেষ্টা

উচ্চশিক্ষায় নানা ধরনের সংকট আছে, এটি সমাধান করা দরকার। এখন উচ্চশিক্ষা পরবর্তী বেকারত্ব সৃষ্টি হচ্ছে, এটি আশঙ্কাজনক বলেন, শিক্ষা উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ।

রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ‘প্রথম বাংলাদেশ উচ্চশিক্ষা সম্মেলন-২০২৪’ এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ‘উচ্চশিক্ষায় বৈশ্বিক মান বাংলাদেশের করণীয়’ নিয়ে দেশের শিক্ষা সংশ্লিষ্ট শীর্ষক সম্মেলনে সংশ্লিষ্টরা নানা করণীয় তুলে ধরেন। শিক্ষা উপদেষ্টা বলেন, এখন উচ্চ মাধ্যমিকের পর শিক্ষার্থীরা দেশের বাইরে চলে যায় এটি বন্ধ করা উচিত। সেজন্য দেশের উচ্চশিক্ষার মান উন্নত করতে হবে।

[Travel packages](#)

সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোয় শিক্ষা ও গবেষণা বাড়ানো দরকার জানিয়ে উপদেষ্টা বলেন, পূর্ববর্তী সময়ে দেশের শিক্ষাঙ্গনে রীতিমতো দুর্ভোগান করা হয়েছে। আমরা সেগুণে

বন্ধে কাজ করছি, সেজন্য উপাচার্যসহ অন্যান্য নিয়োগের ক্ষেত্রে যোগ্য ব্যক্তিদের নিতে আসছি। দেশের বাইরে থাকা ভালো শিক্ষক ও গবেষকদের ফিরিয়ে আনতে কাজ চলছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান নিয়ে প্রশ্ন তুলে শিক্ষা উপদেষ্টা বলেন, রাজনৈতিক বিবেচনায় জেলায় জেলায় বিশ্ববিদ্যালয় করা হয়েছে। এটি কেন করা হয়েছে আমরা বুঝতে পারছি না। এর ফল কী হবে, তা নিয়েও ভাবতে হবে। এসব জায়গায় শিক্ষক নেই, শিক্ষার মান নেই। ফলে পড়াশোনার পর এসব শিক্ষার্থীদের কী হবে, তা চিন্তা করতে হবে।

তিনি বলেন, দেশের উচ্চশিক্ষার তদারক সংস্থা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে (ইউজিসি) নাম পরিবর্তন করে উচ্চশিক্ষা কমিশন করে তাদের ক্ষমতা বৃদ্ধি করা যেতে পারে যেন তারা উচ্চশিক্ষার মান ও গবেষণা বৃদ্ধিতে কাজ করতে পারে।

[Travel packages](#)

সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য দেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এসএমএ ফায়েজ পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রশাসন পরিচালন-অর্থায়ন বিষয়ে আলোচনায় অংশ নেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান, ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহম খান, জাবি উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান ও বিএসএমএমইউর উপাচার্য (অস্থায়ী) অধ্যাপক ডা. মোহাম্মদ শাহিনুল আলম।

শিক্ষার গুণগতমান, গবেষণা, উদ্ভাবন ও র‍্যাংকিং বিষয়ে কথা বলেন, এনএসইউ'র উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, ইউআইইউর উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল কাশেম মিয় আইইউবিএটি'র উপাচার্য অধ্যাপক ড. আব্দুর রব ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এম লুৎফর রহমান।